আজকের কাগজ

তারিখ 10 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ১

### মাধ্যমিক পরীক্ষায় রেকর্ড পরিমাণ পাস

# এক লাখেরও বেশি ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারবে না

- আসন সংখ্যা ২ লাখ ৯৫ হাজার ৭৯৭
- পাস করেছে ৪ লাখ ৪ হাজার ১৩২

**নজমুল কবির শিপন :** রেকর্ড পরিমাণ পাস করার ফলে এবারে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ১ লাখেরও বেশি ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক শিক্ষার জন্যে কোনো কলেজে ভর্তি হতে পারবে না। গত বছর ২৫ হাজারের ও বেশি শিক্ষার্থী প্রয়োজনীয় যোগ্যতা থাকা সত্ত্বেও কলেজে ভর্তি হতে পারেনি। আসন সংকুলান না হওয়ায় এই ১ লাখ শিক্ষার্থীর কোনো কলেজে ঠাঁই হবে না। আর প্রথম বিভাগ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে ৬৫ হাজারেরও বেশি শিক্ষার্থী কৃতিত্বের সঙ্গে পাস করেও পছন্দের অর্থাৎ নামিদামি কলেজে ভর্তি হতে পারবে না। অবজেক্টিভ টাইপ ও প্রশ্ন ব্যাংক থাকার ফলে কেবল পাসের হারই নয়, প্রথম বিভাগ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সংখ্যাও বেড়েছে।

এবার মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর মোট সংখ্যা ৪ লাখ ৪ হাজার ১৩২ জন। পরীক্ষা দিয়েছিলো ৬ লাখ ৬১ হাজার ৯০৮ জন। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ঢাকা বোর্ডে ১ লাখ ২৯ হাজার ৪৭৯ জন, কুমিল্লা বোর্ডে ১ লাখ ৭৫০ জন, রাজশাহী বোর্ডে ৮৮ হাজার ২৮১ জন এবং যশোর বোর্ডে ৮৫ হাজার ৬১৭ জন। এই পাসের হার রেকর্ড পরিমাণ। গতবছর ৩ লাখ ২১ হাজার ৬৭৫ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছিলো।

সারাদেশে সরকারি বেসরকারি মিলে ৮৯৩টি কলেজ রয়েছে। এর মধ্যে ২৫টি সরকারি কলেজে আসন সংখ্যা ২৫ হাজার ৪২টি এবং বেসরকারি ৪১৬টি কলেজে আসন সংখ্যা ১ লাখ ৬৫ হাজার ৬৬৪টি। ১৮৫টি সরকারি ডিগ্রী কলেজ ও ২৬৭টি বেসরকারি ডিগ্রী কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১ লাখ ৩০ হাজার আসন রয়েছে। সব মিলিয়ে আসন সংখ্যা ২ লাখ ৯৫ হাজার ৭৯৭টি। ফলে আসন না থাকায় ১ লাখ ৪ হাজার ৪৩৫ জন ছাত্র-ছাত্রী দেশের কোথাও ভর্তি হতে পারবে না।

৪টি শিক্ষা বোর্ডে এবার প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে মোট ১ লাখ ৯২ হাজার ৩১৫ জন। অথচ ২১৭টি সরকারি কলেজে মোট আসন সংখ্যা ১ লাখ ৩৭ হাজার। ফলে ৫৫ হাজার প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী সরকারি ও ভাল কলেজে ভর্তি হতে পারবে না। ঢাকা বোর্ডের অধীন ৮টি সরকারি ইন্টারমিডিয়েট কলেজ ও ৫১টি ডিগ্রী কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে, আসন সংখ্যা প্রায় ৪৮ হাজার। অথচ ঢাকা বোর্ডে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৬১ হাজার ৪০৭ জন। ফলে ১১ হাজার প্রথম বিভাগ প্রাপ্ত ছাত্র-ছাত্রী ঢাকায় পড়তে পারবে না। তদুপরি সারাদেশের সেরা সেরা শিক্ষার্থী ঢাকায় ভর্তি হওয়ার জন্যে ভিড় জমায়। ফলে ঢাকায় কোনো কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি হতে প্রচন্ড প্রতিযোগিতা করতে হয়। ঢাকায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে সরকারি ও বেসরকারি মিলিয়ে ২৩৮টি কলেজে ১ লাখের মত আসন রয়েছে। কিন্তু ঢাকা বোর্ডেই এবার পাস করেছে ১ লাখ ২৯ হাজার ৪৭৯ জন।

ঢাকার বাইরে রাজশাহীতে ২৩৪টি কলেজ, যশোরে ১৮৭টি কলেজ এবং কুমিল্লাতে বোর্ডভিত্তিক ২৩৪টি কলেজ রয়েছে। ওইসব কলেজে আসন সংখ্যা সীমিত হলেও পাসের হার অতীতের চেয়ে বেশি। ফলে এইসব কলেজেও চাপ পড়বে। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা রেকর্ড পরিমাণ বেড়ে যাবার সঙ্গে সঙ্গে প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যাও বেড়ে গেছে। এবারে ৪টি বোর্ডের মোট ১ লাখ ৯২ হাজার ৩১৫ জন প্রথম বিভাগে, যার অধিকাংশই ষ্টার নম্বর প্রাপ্ত ১ লাখ ৭৩ হাজার দ্বিতীয় বিভাগে এবং ৩৮ হাজার ৭১০ জন তৃতীয় বিভাগে পাস করেছে। প্রথম বিভাগে বেশি পাস করায় এবার ভাল কলেজগুলোতে ভর্তি হওয়ার প্রতিযোগিতা হবে শক্ত।